Department of Agriculture,
Government of West Bengal

# User manual for “Online application process for FSSM/ OTA/ CHC”

## কৃষি যন্ত্রপাতি কেনার জন্য সরকারি অনুদান

### কিভাবে আবেদন করবেন?

কৃষিদপ্তর, পশ্চিমবঙ্গ সরকারের ওয়েবসাইট www.matirkatha.gov.in এ গিয়ে অনলাইনে আবেদন করা যাবে।

### www.matirkatha.gov.in ওয়েবসাইট থেকে আবেদন করার পদ্ধতি

(১) প্রথমে ওয়েবসাইটের মেনুবারের Circular> Application Form > Apply online সেকশন ক্লিক করুন।
(২) অ্যাপ্লাই করার আগে " রেজিস্টার" অপশনে ক্লিক করুন নিজেকে নথিভুক্ত করার জন্য।
(৩) " রেজিস্টার" অপশনে ক্লিক করার পর আপনার মোবাইল নম্বর প্রদান করুন এবং OTP টাইপ করুন।
(৪) OTP টাইপের সাথে সাথে রেজিস্ট্রেশন ফর্মটি ওপেন হবে এবং এতে আপনার নিজস্ব তথ্য পূরণ করুন।
(৫)এরপর আপনার মোবাইল নম্বর ও নিজের তৈরী পাসওয়ার্ড টি দিয়ে লগইন করুন।
(৬) ড্যাশবোর্ডে " অ্যাপ্লাই অনলাইন " ক্লিক করুন এবং যে স্কীমের আওতায় আবেদন করতে চাইছেন তা নির্বাচিত করে ক্লিক করুন এবং ধাপে ধাপে পূরণ করুন।
(৭) ফর্ম ফিলাপ সম্পূর্ণ করে সাবমিট করুন। আপনার রেজিস্টার্ড মোবাইলে আপনার অ্যাপ্লিকেশন নম্বরটি পেয়ে যাবেন SMS এর মাধ্যমে।
(৮) এরপর ওয়েবসাইটের মেনুবারের Circular> Farm Mechanization Scheme Application> Download PDF সেকশন এ গিয়ে, আবেদনের ক্রমিক নাম্বার দিয়ে প্রতিলিপি (Duplicate copy) ডাউনলোড করতে পারবেন।
(৯) আবদেনপত্রের প্রতিলিপির প্রিন্ট নিয়ে সমস্ত নথীসহ সংশ্লিষ্ট ব্লক /জেলা কৃষি অফিসে ২ রা নভেম্বর ২০১৮ বিকাল ৩.০০ টার এর মধ্যে জমা দিতে হবে।

### আবেদনপত্র কোন কোন প্রকল্পের জন্য গ্রহণ করা হচ্ছে?

1) কৃষি যন্ত্রাদি ক্রয়ের জন্য আর্থিক অনুদান প্রকল্প (FSSM)
2) ক্ষুদ্র কৃষি যন্ত্রপাতি ক্রয়ের জন্য এককালীন ভর্তুকি প্রকল্প (OTA – SFI)
3) কৃষি যন্ত্রাদি ভাড়া কেন্দ্র স্থাপনের জন্য ভর্তুকি প্রকল্প (CHC)

## আবেদনের সময়সীমা

অনলাইনে আবেদন পত্র www.matirkatha.gov.in ওয়েবসাইট ব্যবহার করে আগামী ৪ ঠা অক্টোবর ২০১৮ থেকে ২ রা নভেম্বর ২০১৮ পর্যন্ত জমা দেওয়া যাবে। তথ্যমিত্র কেন্দ্রের মাধ্যমেও অনলাইন আবেদনে জমা দেওয়া যেতে পারে।

## কৃষিদপ্তরের মাটির কথা টোল ফ্রী নাম্বার

অনলাইনে আবেদন করার সময় কোনো অসুবিধে হলে ফোন করুন মাটির কথা টোল ফ্রি নম্বরে **১৮০০ -১০৩ -১১০০** (সোমবার থেকে শনিবার সকাল ৭ টা থেকে সন্ধ্যা ৭ টা পর্যন্ত)

## প্রকল্পগুলির সংক্ষিপ্ত বিবরণ

### 1) কৃষি যন্ত্রাদি ক্রয়ের জন্য আর্থিক অনুদান প্রকল্প
### Financial Support Scheme for Farm Mechanization (FSSM)

#### কারা এই প্রকল্পের সুবিধাভোগী হতে পারবেন

যে কোনো ব্যক্তি, ক্ষুদ্র ও প্রান্তিক শ্রেণীর কোনো কৃষক, সমবায় সংস্থা (PACs), যৌথ দায়বদ্ধ গোষ্ঠীর (JLGs), ফার্মার্স প্রোডিউসার অর্গানাইজেশন (FPO), স্বনির্ভর গোষ্ঠীর (SHC) অধীন ক্ষুদ্র ও প্রান্তিক শ্রেণীর কোনো কৃষক এবং কৃষক স্বার্থ গোষ্ঠী (FIG'S) সদস্য এই প্রকল্পের সুযোগ নিতে পারবেন। এছাড়া তিনি বিগত ৫ বছরে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পের কোনো সুযোগ নেন নি। ট্রাক্টর নিতে ইচ্ছুক কৃষকের ২.৫ একর এবং পাওয়ার টিলার নিতে ইচ্ছুক কৃষকের ১.৫ একর জমির মালিকানা থাকতে হবে।

#### এফ এফ এস এম প্রকল্পের অন্তর্ভুক্ত কৃষি যন্ত্রপাতির তালিকা ও ভর্তুকি

| ক্রমিক নং | কৃষি যন্ত্রের নাম | ভর্তুকির পরিনাম |
|---|---|---|
| ১ | ট্রাক্টর ৪০ অশ্বশক্তির বেশি | মোট দামের ৩৫% বা ১,২৫,০০০ টাকার মধ্যে যেটি নিম্নতর |
| ২ | ট্রাক্টর ২০ - ৪০ অশ্বশক্তি যুক্ত | মোট দামের ৩৫% বা ১,০০,০০০ টাকার মধ্যে যেটি নিম্নতর |
| ৩ | পাওয়ার টিলার ৮ অশ্বশক্তি পর্যন্ত | মোট দামের ৫০% বা ৫০,০০০ টাকার মধ্যে যেটি নিম্নতর |
| ৪ | পাওয়ার টিলার ৮.১ অশ্বশক্তি বা তার বেশি | মোট দামের ৫০% বা ৭৫,০০০ টাকার মধ্যে যেটি নিম্নতর |
| ৫ | পাওয়ার রিপার (স্ব-চালিত) | মোট দামের ৫০% বা ৬৩,০০০ টাকার মধ্যে যেটি নিম্নতর |
| ৬ | প্যাডি ট্রান্সপ্লান্টার (৪ - ৮ সারি, স্ব-চালিত) | মোট দামের ৪০% বা ২,০০,০০০ টাকার মধ্যে যেটি নিম্নতর |
| ৭ | জিরো টিলেজ মেশিন কাম ফার্টিলাইজার ড্রিল | মোট দামের ৫০% বা ৪৪,০০০ টাকার মধ্যে যেটি |

| | | |
|---|---|---|
| | | নিম্নতর |
| ৮ | মাল্টি ক্রপ থ্রেশার / প্যাডি থ্রেশার | মোট দামের ৫০% বা ৬৩,০০০ টাকার মধ্যে যেটি নিম্নতর |
| ৯ | (ক) পাম্প সেট বিদ্যুৎ চালিত (১.৫ – ৩.০ অশ্বশক্তি) | মোট দামের ৫০% বা ৬,০০০ টাকার মধ্যে যেটি নিম্নতর |
| | (খ) পাম্প সেট বিদ্যুৎ চালিত (৩.১ – ৫.০ অশ্বশক্তি) | মোট দামের ৫০% বা ১০,০০০ টাকার মধ্যে যেটি নিম্নতর |
| | (গ) পাম্প সেট ডিজেল বা পেট্রল চালিত (১.৫ – ৫.০ অশ্বশক্তি) | মোট দামের ৫০% বা ১০,০০০ টাকার মধ্যে যেটি নিম্নতর |
| ১০ | রোটাভেটর | মোট দামের ৫০% বা ৬৩,০০০ টাকার মধ্যে যেটি নিম্নতর |
| ১১ | পাওয়ার স্প্রেয়ার (১৬ লিটারের বেশি) | মোট দামের ৫০% বা ১০,০০০ টাকার মধ্যে যেটি নিম্নতর |
| ১২ | পটেটো প্ল্যান্টার /পটেটো ডিগার | মোট দামের ৫০% বা ৬৩,০০০ টাকার মধ্যে যেটি নিম্নতর |
| ১৩ | কৃষি যান্ত্রিকীকরণের সাবমিশন প্রকল্পের (SMAM) অধীনে তালিকাভুক্ত যন্ত্রপাতি | SMAM প্রকল্পের অনুমোদিত ভর্তুকি বা ২,০০,০০০ টাকার মধ্যে যেটি নিম্নতর |
| ১৪ | রাইস ডি হাস্কার | মোট দামের ৫০% বা ৬৩,০০০ টাকার মধ্যে যেটি নিম্নতর। |

**কোথায় যোগাযোগ করবেন** : ব্লকের সহ – কৃষি অধিকর্তার অফিস।

## 2) ক্ষুদ্র কৃষি যন্ত্রপাতি ক্রয়ের জন্য এককালীন ভর্তুকি প্রকল্প
### One Time Assistance – Small Farm Implements (OTA – SFI)

### কারা এই প্রকল্পের সুবিধাভোগী হতে পারবেন

যে কোনো ব্যক্তি, ক্ষুদ্র ও প্রান্তিক শ্রেণীর কোনো কৃষক, সমবায় সংস্থা (PACs), যৌথ দায়বদ্ধ গোষ্ঠীর (JLGs), ফার্মার্স প্রোডিউসার অর্গানাইজেশন (FPO), স্বনির্ভর গোষ্ঠীর (SHC) অধীন ক্ষুদ্র ও প্রান্তিক শ্রেণীর কোনো কৃষক এবং কৃষক স্বার্থ গোষ্ঠী (FIG'S) সদস্য এই প্রকল্পের সুযোগ নিতে পারবেন। এছাড়া তিনি বিগত ৫ বছরে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পের কোনো সুযোগ নেন নি।

### প্রকল্পের অন্তর্ভুক্ত কৃষি যন্ত্রপাতির তালিকা ও ভর্তুকি

| ক্রমিক নং | কৃষি যন্ত্রের নাম |
|---|---|
| ১ | হস্তচালিত স্প্রেয়ার |

| | |
|---|---|
| ২ | পদচালিত ঝাড়াই মেশিন |
| ৩ | পদচালিত খড় কাটার মেশিন |
| ৪ | ড্রাম সিডার |
| ৫ | নিড়ান যন্ত্র (কোনো উইডার ,প্যাডি উইডার, হুইল হো, নেল উইডার ) |
| ৬ | সেচের ডেলিভারি পাইপ (১০০ মিটার পর্যন্ত ) |
| ৭ | ছোট যন্ত্র ( কোদাল, খুরপি, নিড়ানী, কাস্তে, রেক, সিকেটিয়ার ) |
| ৮ | হস্তচালিত সিড ড্রিল |
| ৯ | বীজ শোধনের ড্রাম |
| ১০ | শ্রী পদ্ধতির মার্কার |
| ১১ | বীজ বিন / বীজ গোলা |

**ভর্তুকি :** মোট দামের ৫০% বা ১০,০০০ টাকার মধ্যে যেটি নিম্নতর

**কোথায় যোগাযোগ করবেন:** ব্লকের সহ - কৃষি অধিকর্তার অফিস।

## 3) কৃষি যন্ত্রাদি ভাড়া কেন্দ্র স্থাপনের জন্য ভর্তুকি প্রকল্প
### Custom Hiring Centre (CHC)

### কারা এই প্রকল্পের সুবিধাভোগী হতে পারবেন

কোনো ব্যক্তি, ব্যক্তিবর্গ, স্বনির্ভর গোষ্ঠী, ব্যক্তিগত বা অংশীদারী কোম্পানী, সমবায় সংস্থা, ফার্মার্স ক্লাব, কৃষক উৎপাদক সংস্থা (FPOs), যৌথ দায়বদ্ধগোষ্ঠী (JLGs), কৃষক স্বার্থ গোষ্ঠী (Farmers interest group-FIGs), এই প্রকল্পের সুযোগ নিতে পারবেন।

### প্রকল্পের অন্তর্ভুক্ত কৃষি যন্ত্রপাতির তালিকা ও ভর্তুকি

TFO ( Total Financial Outlay) : **যন্ত্রাদির মূল্য + পরিবহন মূল্য + বার্ষিক পরিচর্যা বাবদ খরচ + আচ্ছাদন তৈরী + ১ বছরের বীমাকরণ।**

TFO ( Total Financial Outlay) : **নূন্যতম ২০ লক্ষ থেকে সর্বাধিক ২০০ লক্ষ**

ন্যুনতম ভর্তুকি : **TFO ( Total Financial Outlay) এর ৪০ %**

TFO ( Total Financial Outlay) **২০০ লক্ষ এর অধিক হলে সর্বাধিক ভর্তুকি ৮০ লক্ষ পর্যন্ত পাওয়া যাবে।**

| ক্রমিক নং | কৃষি যন্ত্রের নাম |
|---|---|
| ১ | (ক) ট্রাক্টর (৮ - ১৫ পি টি ও অশ্বশক্তি ক্ষমতা ) |
| | (খ) ট্রাক্টর (১৫ - ২০ পি টি ও অশ্বশক্তি ক্ষমতা ) |
| | (গ) ট্রাক্টর (২০ - ৪০ পি টি ও অশ্বশক্তি ক্ষমতা ) |

| | |
|---|---|
| | (ঘ) ট্রাক্টর (৪০ - ৭০ পি টি ও অশ্বশক্তি ক্ষমতা ) |
| ২ | (ক) পাওয়ার টিলার ( ৮ অশ্বশক্তি ক্ষমতা পর্যন্ত ) |
| | (খ) পাওয়ার টিলার ( ৮ অশ্বশক্তি ক্ষমতার অধিক ) |
| ৩ | (ক) স্বচালিত প্যাডি ট্রান্সপ্লান্টার ( ৪ সারি) |
| | (খ) স্বচালিত প্যাডি ট্রান্সপ্লান্টার ( ৪ - ৮ সারি) |
| | (গ) স্বচালিত প্যাডি ট্রান্সপ্লান্টার ( ৮ – ১৬ সারি ) |
| ৪ | সেল্ফ প্রপ্লেড রিপার |
| ৫ | সেল্ফ প্রপ্লেড রিপার বাইন্ডার |
| ৬ | মোল্ড বোর্ড প্লাও |
| ৭ | মই |
| ৮ | রিগার |
| ৯ | পটেটো প্ল্যান্টার |
| ১০ | কাল্টিভেটর |
| ১১ | পটেটো ডিগার |
| ১২ | রোটাভেটার |
| ১৩ | জিরো টিলেজ মেশিন / বীজ ও সার ড্রিল মেশিন |
| ১৪ | ট্রাক্টর চালিত রিপার |
| ১৫ | মাল্টি ক্রপ প্ল্যান্টার |
| ১৬ | জিরো টিল মাল্টি ক্রপ প্ল্যান্টার |
| ১৭ | ঘাস ছাটাই মেশিন |
| ১৮ | পাওয়ার উইডার (২ অশ্বশক্তি ক্ষমতা) |
| ১৯ | মাল্টি ক্রপ থ্র্যাসার |
| ২০ | পাওয়ার প্যাডি থ্র্যাসার |
| ১২ | ব্রাশ কাটার |
| ২১ | ভুট্টা সেলার |
| ২২ | চ্যাফ কাটার ( ইলেকট্রিক মোটর চালিত ৩ অশ্বশক্তি ক্ষমতা, এবং পাওয়ার টিলার বা ট্রাক্টর চালিত ২০ অশ্বশক্তি ক্ষমতার নিচে ) |
| ২৩ | ট্রাক্টর চালিত ব্যাক হো ল্যাডার |
| ২৪ | অটোম্যাটিক নার্সারী ধান রোয়া মেশিন |
| ২৫ | কম্বাইন্ড হারভেস্টার ( সেল্ফ প্রোপেল্ড ১৪ ফুট কাটার বার সমেত ) |
| ২৬ | কম্বাইন্ড হারভেস্টার ( ট্র্যাক ৬ -৮ ফুট কাটার বার সমেত ) |
| ২৭ | কম্বাইন্ড হারভেস্টার ( ট্র্যাক ৬ ফুটের নিচে কাটার বার সমেত ) |
| ২৮ | স্ট্র বেলার |
| ২৯ | স্ট্র রিপার |
| ৩০ | রাইস ডি হাস্ক |
| ৩১ | মিনি ডাল মিল |
| ৩২ | মিনি অয়েল মিল |

## ক্ষুদ্র ও মাঝারি চাষী দ্বারা বহুল ব্যবহৃত যন্ত্রাদি যা CHC এর জন্যও অনুমোদিত

(১) পাওয়ার টিলার ( ৮ বা তার বেশি অশ্বশক্তি ক্ষমতা যুক্ত )

(২) পাওয়ার টিলার ( ৮ অশ্বশক্তি ক্ষমতার কম )

(৩) পাওয়ার ইউডার ( চালিত ইঞ্জিন ২ অশ্বশক্তি ক্ষমতার কম)

(৪) সেল্ফ প্রোপেল্ড রিপার

(৫) ইঞ্জিন চালিত পাম্প সেট

(৬) ইঞ্জিন চালিত পাওয়ার স্প্রেয়ার

(৭) সীড কাম ফার্টিলাইজার ড্রীল

(৮) ড্রাম সিডার

(৯) কোনো ইউডার

(১০) শ্রী পদ্ধতি মার্কার

(১১) রিপার বাইন্ডার

(১২) মাল্টি ক্রপ প্ল্যান্টার

(১৩) মাল্টি কম্বাইন্ড হারভেস্টার

(১৪) প্যাডি ট্রান্সপ্ল্যান্টার ( ৪ সারি )